

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ২৪৫-আইন/আয়কর-৩৯/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুযায়ী ঘোষিত হাই-টেক পার্কে, অতঃপর উক্ত হাই-টেক পার্ক বলিয়া উল্লিখিত, পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত কোনো প্রতিষ্ঠানের কেবল উক্ত হাই-টেক পার্কে পরিচালিত ব্যবসায়ের মাধ্যমে অর্জিত আয়ের উপর ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম বৎসরের জন্য ১০০% এবং ৮ম, ৯ম ও ১০ম বৎসরের জন্য ৭০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

- (ক) প্রতিষ্ঠানটি নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হবে, যথা:—
- (অ) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত নৃতন কোম্পানি হইতে হইবে এবং বিদ্যমান কোনো কোম্পানির কোনো ইউনিট হইতে পারিবে না;
- (আ) বিদ্যমান ব্যবসার পুনর্গঠন, মার্জার, ডিমার্জার এর ফলশুত কোম্পানি হইতে পারিবে না;
- (ই) ইতোপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত পার্কের কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;
- (ঈ) উক্ত হাই-টেক পার্কের বাহিরে কোনো শিল্প ইউনিট পরিচালনা করিতে পারিবে না এবং সম্পূর্ণরূপে উক্ত পার্কে অবস্থিত হইতে হইবে;
- (উ) বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ট্রেডিং কোম্পানি হইতে পারিবে না;
- (ঊ) বোর্ডের নিকট হাই-টেক শিল্প হিসেবে পরিগণিত হইতে হইবে;
- (খ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;
- (গ) প্রতিষ্ঠানটি ব্যবসায়িক কার্যক্রম শুরু হইবার বৎসর হইতে দশম বৎসর পর্যন্ত এই ছাসকৃত করহারের সুবিধা প্রাপ্ত হইবে;

- (ঘ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোনো শর্ত বা শর্তাবলি পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড, তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে;
- (ঙ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;
- (চ) কোনো আয়বর্ষে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানটির উপর পরিবেশ সংশ্লিষ্ট আইন ভঙ্গের দায়ে জরিমানা আরোপ করা হইলে, সংশ্লিষ্ট করবর্ষে উক্ত প্রতিষ্ঠানটি এই প্রজ্ঞাপনে প্রদত্ত কর অব্যাহতি পাইবে না; এবং
- (ছ) ৩০ জুন ২০৩৫ তারিখের মধ্যে কোনো প্রতিষ্ঠান ব্যবসায়িক কার্যক্রম শুরু করিতে ব্যর্থ হইলে এই প্রজ্ঞাপনের অধীন কোনো প্রকার অব্যাহতি সুবিধা প্রাপ্ত হইবেন না।

**ব্যাখ্যা:**— এই প্রজ্ঞাপনে “ব্যবসায়িক কার্যক্রম শুরু” বলিতে হাই-টেক পার্কে প্রতিষ্ঠান যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

২। এস, আর, ও নং ২২৮-আইন/২০১৫, তারিখ: ০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ ও এস, আর, ও নং ১৬০-আইন/আয়কর-৩৫/২০২৪, তারিখ: ২৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ, এতদ্বারা রহিত করা হইলো এবং উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ এই প্রজ্ঞাপনের অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উভাদের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর শর্তানুচ্ছেদ (ক) তে উল্লিখিত অনুমোদনের শর্তাবলি প্রযোজ্য হইবে না, যথা:—

- (ক) ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে যে সকল প্রতিষ্ঠান যে সকল শর্তে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুযায়ী হাই-টেক পার্ক হিসেবে ঘোষিত হইয়াছে এবং উহার সমর্থনে সরকারি গেজেট প্রজ্ঞাপন রহিয়াছে;
- (খ) ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে যে সকল প্রতিষ্ঠান যে সকল শর্তে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুযায়ী ঘোষিত হাই-টেক পার্কে শিল্প বা শিল্প ইউনিট স্থাপনের অনুমতি প্রাপ্ত হইয়াছে।

৩। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
ও  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড।